



আগামী নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

আগামী জাতীয় সংসদ নির্বাচন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে আয়োজনের বিষয়ে সরকারের অঙ্গীকার রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

রোববার (২৫ অক্টোবর) সচিবালয়ে সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন অবশ্যই নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

দেশে অস্থিরতা সৃষ্টির চেষ্টা প্রসঙ্গে সালাউদ্দিন আহমেদ বলেন, পতিত শক্তি পরিস্থিতি অস্থিতিশীল করে ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে। এ ধরনের কোনো অপতৎপরতা সরকার সহ্য করবে না বলেও ইশিয়ারি দেন তিনি।

সামাজিক যোগাযোগমাধ্যমে শেখ হাসিনার দেশে ফেরার বিষয়ে জনতে পেরেছেন উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাঁকে দেশে ফিরিয়ে আনতে প্রত্যাশা চুক্তি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে চিঠি পাঠিয়েছে সরকার।

পার্বত্য অঞ্চলের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তিনি বলেন, সেখানে সাম্প্রতিক অপ্রীতিকর ঘটনায় সেনাবাহিনী সতর্ক অবস্থানে থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে। পাহাড়ে স্থায়ী শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে রাজনৈতিক ও স্থানীয় পর্যায়ের নেতাদের সঙ্গে সরকারের আলোচনা চলছে।